

এফবিসিসিআই/প্রশাসন/২০২৩/২২৭৩


তারিখ: ০১/১০/২০২৩

সর্বসাধারণের জন্য সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এফবিসিসিআই আয়োজিত “আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৩” উদযাপন উপলক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক স্বাস্থ্য-বিধি অনুসরণপূর্বক ভূমিকম্প ও অগ্নিকাণ্ড’ বিষয়ক মহড়া অনুষ্ঠান আগামী ০৩ অক্টোবর ২০২৩, মঙ্গলবার সকাল ১১:০০টায় এফবিসিসিআই ইনোভেশন এন্ড রিসার্চ সেন্টার, ২৫ শহীদ নজরুল ইসলাম সড়ক, হাটখোলা, টিকাটুলি, ঢাকায় অনুষ্ঠিত হবে।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ডা: মো: এনামুর রহমান, এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মো: কামরুল হাসান এনডিসি।

উক্ত মহড়ায় বিভিন্ন সরঞ্জাম ব্যবহার করা হবে এবং সাইরেন বাজানোর ফলে উচ্চ শব্দ হতে পারে। অতএব, এলাকাবাসীকে আতঙ্কিত না হওয়ার জন্য অনুরোধ করা হলো।


০১/১০/২০২৩

মো: আলমগীর
মহাসচিব, এফবিসিসিআই।